

নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,০০০-৫৩০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ১টি স্থায়ী শূন্য এসিসটেন্ট প্রোগ্রামার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি বিষয়ে ০৪ বৎসরের স্নাতকসহ সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড থাকিতে হইবে। সরকারী/আধাসরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে সফটওয়্যার তৈরীর কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সরকারী বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ সংক্রান্ত সফটওয়্যার তৈরীর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ৩১-১২-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

amam
α